দৈনিক বাংলা

তারিখ ... 10/12/82
পৃষ্ঠা ... 1 ... কলাম 7 ...

# প্রাইমারী স্কুল উন্নয়নে ১৮ কোটি টাকা ব্যয় করা হচ্ছে

॥ দিলীপ দেবনাথ ॥

দেশের প্রাইমারী স্কুলগুলোর উন্নয়নের জন্যে এ বছর ১৮ কোটি টাকা ব্যয় করা হচ্ছে। এই উন্নয়ন কর্মকান্ডে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আইডিএ) অর্থ সাহায্যের পরিমাণ ৮ কোটি টাকার কিছু বেশী।

চলতি অর্থ বছরের জন্যে গৃহীত এই উন্নয়ন কর্মসূচীতে রয়েছে বিভিন্ন স্কুলে শ্রেণীকক্ষ ও পায়খানা নির্মাণ, নলকূপ বসানো এবং আসবাবপত্র হিসেবে স্টীলের আলমারী সরবরাহ।

জানা গেছে, ৮২-৮৩ অর্থ বছরে প্রায় সাড়ে আটশ স্কুলে দু হাজার ন'শ শ্রেণীকক্ষ নির্মাণ করা হবে। এতে খরচ হবে প্রায় ১৪ কোটি ২০ লাখ টাকা। এর মধ্যে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার (আইডিএ) প্রকল্পের অধীনে ১৪শ শ্রেণী কক্ষ নির্মাণ করা হবে। বাকী ১৫শ শ্রেণী কক্ষ নির্মাণ করা হবে ইউপিই (জাতীয়) প্রোগ্রামের অধীনে।

স্কুলের ছাত্রছাত্রীদের সুবিধার জন্যে প্রত্যেকটি স্কুলে একটি করে প্রায় ১ হাজার ৬শ ৫০টি পায়খানাও নির্মাণ করা হবে। দুই ইউনিটের এই পায়খানা তৈরি করতে প্রত্যেকটিতে খরচ হবে প্রায় ১২ হাজার টাকা। এর মধ্যে আইডিএ প্রকল্পের

(৩-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## প্রাইমারী স্কুল

(১ম পৃঃ পর)

অধীনে প্রায় দেড়শ পায়খানা তৈরি করা হবে।

পানীয় জলের সুবিধা এবং স্বাস্থ্য সুযোগ বৃদ্ধির জন্যে এ বছর ১৩শ স্কুলে একটি করে নলকূপও বসানো হচ্ছে। এর মধ্যে আইডিএ প্রকল্প বসাবে ৩শ নলকূপ।

বিভিন্ন স্কুলে শ্রেণীকক্ষ নির্মাণ ছাড়াও প্রায় ২৭শ স্কুলে মেরামতের কাজ সম্পন্ন করা হবে। এতে খরচ হবে প্রায় ৫ কোটি ৪০ লাখ টাকা।

এছাড়াও এই কর্মসূচীতে আসবাব হিসাবে বিভিন্ন স্কুলে সাড়ে চার হাজার স্টীলের আলমারী সরবরাহ করা হবে। এর মধ্যে আইডিএ প্রকল্প সরবরাহ করবে পাঁচশ আলমারী।

প্রসঙ্গত উল্লেখ্য, প্রাইমারী স্কুলের উন্নয়নের জন্যে গত অর্থ বছরের (৮১-৮২) জন্যে বরাদ্দ ছিল প্রায় ৮ কোটি ৪০ লাখ টাকা। এর মধ্যে আইডিএ প্রকল্পের অধীনে ৩ কোটি ৭৮ লাখ টাকা এবং ইউপিই (জাতীয়) প্রকল্পের অধীনে ৫ কোটি ১ লাখ টাকা খরচ হচ্ছে।

গত বছরের আইডিএ প্রকল্পের মধ্যে ছিল প্রায় সাড়ে ৫শ পায়খানা ও পৌনে দুশো স্কুলের শ্রেণীকক্ষ নির্মাণ এবং সাড়ে ছয়শ স্কুলের মেরামত।

ইউপিই (জাতীয়) প্রকল্পের অধীনে গত বছরের প্রাইমারী স্কুলের উন্নয়ন কর্মসূচীতে ছিল আড়াই হাজার স্কুলের মেরামত ও প্রায় সোয়া আটশ পায়খানা নির্মাণ।

জানা গেছে, গত বছরের গৃহীত উন্নয়ন কর্মসূচীর ৭০ ভাগ কাজ এ পর্যন্ত সম্পন্ন হয়েছে। ডিসেম্বরের মধ্যে এ কাজ পুরোপুরি সমাপ্ত হবার সম্ভাবনা রয়েছে।

পরিকল্পনা অনুযায়ী ৮৫ সনের মধ্যে দেশের প্রায় ৩৬ হাজার ৭শ সরকারী প্রাইমারী স্কুলের উন্নয়ন কাজ সমাপ্ত হবার কথা।